# Times Today BD

জেলা প্রতিনিধি | রংপুর | 02 May, 2025

গাইবান্ধার চাঞ্চল্যকর পত্রিকা বিক্রেতা ও অটো মিশুক চালক আনিছুর রহমান ঠান্ডা মিয়া হত্যাকান্ডের ঘটনায় চারজনকে গ্রেফতার করেছে র‍্যাব-১৩।শুক্রবার (২ মে) বেলা সাড়ে ১১ টায় র‍্যাব-১৩ রংপুরের সদর দফতরে প্রেস ব্রিফিংয়ে এই তথ্য জানান অধিনায়ক লে. কর্ণেল জয়নুল আবেদীন।

গ্রেতারকৃতরা হলেন, গাইবান্ধা সদরের বানিয়াজান এলাকার মৃত খলিল মিয়ার পুত্র কবির আলম (২৭), সাদুল্লাপুরের বুজরুক পাটানোছা এলাকার আনিছুর রহমানের পুত্র রাসেল মিয়া (২৮) ও একই উপজেলার ক্ষুদ্র রসুলপুর গ্রামের মোসলেম উদ্দিন মন্ডলের পুত্র শহিদুল ইসলাম বাবু (৪০)।লে. কর্ণেল জয়নুল আবেদীন বলেন, গ্রেফতারকৃতরা প্রাথমিক জিজ্ঞাসাবাদে জানিয়েছেন গত ২৫ এপ্রিল ভোররাতে গ্রেফতারকৃতরা ঠান্ডা মিয়াকে ছুরিকাঘাতে আহত করে গাইবান্ধা সদরের নেসকো-১ অফিসের ফেলে রাখে এবং অটো মিশুকটি নিয়ে পালিয়ে যায়। পরে ঠান্ডা মিয়ার স্ত্রী অজ্ঞাতনামাদের নামে হত্যা মামলা করে।এরপর মামলাটির ছায়া তদন্ত শুরু করে র‍্যাব।তথ্য প্রযুক্তির সহযোগিতায় বৃহস্পতিবার রাতে গাইবান্ধার বিভিন্নস্থানে অভিযান চালিয়ে তাদের গ্রেফতার করে।

এর আগে এই মামলায় সন্দেহভাজন আরিফ মিয়াকে (২৫) গ্রেফতার করে র‍্যাব।আরিফ গাইবান্ধা সদরের ডেভিড কোম্পানীপাড়ার মৃত শাহজাহান ঘটকের পুত্র।তাদের কাছ থেকে উদ্ধার করা হয় ছিনিয়ে নেয়া মিশুটিও।গ্রেফতারকৃতদের নামে আগেও মাদক ও চুরি দস্যুতার মামলা আছে।

পুলিশ জানায়, ২৫ এপ্রিল দিবাগত রাত দেড়টার দিকে গাইবান্ধা শহরের রেলগেট এলাকায় কয়েকজন দুর্বৃত্ত যাত্রী সেজে জেলা স্টেডিয়ামে যাওয়ার কথা বলে ঠান্ডা মিয়ার অটো মিশুকে

ওঠে।স্টেডিয়ামে যাওয়ার পর ওই দুর্বৃত্তরা ঠান্ডাকে ছুরিকাঘাত করে হত্যার পর মিশুকটি নিয়ে যায়।

হত্যা র‍্যাব

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 12 June, 2025 14:36

URL: https://timestodaybd.com/public/rangpur/1770775807